অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 4/8/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো স্ট্রোক থেকে নিউরোলজিক্যাল অক্ষমতা সারিয়ে তোলার জন্য নতুন পদ্ধতি প্রদর্শন করার জন্য 5 মিলিয়ন মার্কিন ডলারের নিউরোকিওরসএনওয়াই (NEUROCURESNY, NCNY) অনুদানের কথা ঘোষণা করেছেন

থেরাপিউটিক লাভের আরো নিখুঁত পরিমাপের সম্ভাবনা প্রদান করে, যাতে ক্লিনিকাল ট্রায়ালগুলি কম সংখ্যক রোগীর সাহায্যে পরিসংখ্যানগত গুরুত্ব পৌঁছাতে সক্ষম হয়

নিউ ইয়র্কের 620 মিলিয়ন মার্কিন ডলারের লাইফ সায়েন্স ইনিশিয়েটিভের (Life Science Initiative) অংশ

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ 5 মিলিয়ন মার্কিন ডলারের অনুদান ঘোষণা করেছেন যা নিউরোকিওর্সএনওয়াই ইনকর্পোরেটেডকে (NeuroCuresNY, Inc) তার অনন্য ক্লিনিকাল ট্রায়াল নেটওয়ার্কের দুই বছরের প্রদর্শনী এবং নিউরোলজিক্যাল অবনতির কারণে অক্ষমতার চিকিৎসার জন্য ওষুধ পরীক্ষা করার প্রক্রিয়া চালানোর অনুমতি দেবে। বার্ক নিউরোলজিক্যাল ইনস্টিটিউট (Burke Neurological Institute), রচেস্টার বিশ্ববিদ্যালয় (University of Rochester) এবং ওয়েডসওয়ার্থ সেন্টার (Wadsworth Center) দ্বারা দীর্ঘস্থায়ী স্নায়বিক দুর্বলতা ও অক্ষমতার জন্য ওষুধের ক্লিনিকাল ট্রায়াল পরিচালনা করার জন্য একটি অলাভজনক উদ্যোগ NCNY এর লক্ষ্য হচ্ছে স্ট্রোকের কারণে অক্ষম রোগীদের জন্য ওষুধ তৈরি করার সময় ও খরচ কমানো যারা স্বাস্থ্যসেবা ব্যবস্থা বর্তমানে যা প্রদান করে তা সব কিছু ব্যবহার করে দেখেছেন। নিউ ইয়র্কে একটি বিশ্বমানের জীবন-বিজ্ঞান গবেষণা ক্লাস্টার গড়ে তোলার এবং এই গবেষণার বাণিজ্যিকীকরণ ও অর্থনীতির বিকাশের জন্য নিউ ইয়র্ক স্টেটের 620 মিলিয়ন মার্কিন ডলারের উদ্যোগের এক অংশ হল এই অনুদান।

"নিউ ইয়র্কের জন্য স্বাস্থ্যকর ভবিষ্যত গড়ে তোলার অর্থ আজকের গুরুত্বপূর্ণ বৈজ্ঞানিক গবেষণা ও উন্নয়নের প্রকল্পগুলির ক্ষেত্রে পথ প্রদর্শন করা", **গভর্নর কুওমো বলেন।** "নিউরোকিওরএনওয়াই এর প্রদর্শনমূলক পরীক্ষা নতুন উদ্ভাবনী ওষুধ ও থেরাপি পরীক্ষা করবে যা স্ট্রোকের প্রভাব ভোগ করছেন যে রোগীরা তাদের জন্য আমূল পরিবর্তন নিয়ে আসতে পারে এবং জীবন বিজ্ঞান শিল্পে নিউ ইয়র্কের অভূতপূর্ব বৃদ্ধি অবিরত রাখতে পারে।"

"আধুনিকতম গবেষণা এবং উন্নয়নে বিনিয়োগের কারণে সারা রাজ্য জুড়ে জীবন বিজ্ঞান শিল্পের বৃদ্ধি অবিরত থাকে", **লেফ্টেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেন।** "এই অর্থায়ন একটি স্ট্রোকের ফলে যে স্নায়বিক বিকলতাগুলি হয় তা থেকে আরোগ্যলাভের একটি পথ খুঁজে পেতে সাহায্য করতে

প্রয়োজনীয় সংস্থানগুলি প্রদান করবে। নিউরোকিওরসএনওয়াই এর অনুদান সকল নিউ ইয়র্কবাসীদের স্বাস্থ্য ও সুস্থতা নিশ্চিত করার জন্য উদ্ভাবনী গবেষণা ও চিকিত্সাগুলিকে সমর্থন করার জন্য আমাদের অঙ্গীকারের উপর ভিত্তি করে গড়ে তোলে।"

প্রদর্শনের পরীক্ষা রোবোটিক প্রশিক্ষণ প্রযুক্তির সাথে ওষুধ ব্যবহারকে একত্রিত করবে মস্তিষ্কের মেরামতের জন্য, যা ব্যক্তির স্নায়ুতন্ত্রকে পুনরায় শিক্ষিত করতে পারে। এই দুই বছরের ট্রায়ালের জন্য দীর্ঘস্থায়ী স্ট্রোকের কারণে অক্ষমতা সহ 150 রোগীর প্রয়োজন হবে এবং এটি প্রায় 24 মাস চলবে। সময়ের সাথে সাথে, NCNY মস্তিষ্কের আঘাত, আল্জেইমার রোগ এবং মেরুদণ্ডের আঘাতের মত নিউরোলজিকাল অবস্থার কারণে অক্ষমতার জন্য চিকিত্সা মূল্যায়ন করার পরিকল্পনা করেছে।

NCNY এর অনন্য পদ্ধতি ট্রায়ালের ক্ষেত্রে পরিকাঠামো সংক্রান্ত খরচ হ্রাস করার জন্য তৈরি করা হয়েছে, যা তাদের আরও দক্ষতার সাথে চালানো সক্ষম করে। এই পদ্ধতিতে রয়েছে:

- চিকিৎসকদের একটি স্থিতিশীল নেটওয়ার্ক যা রোগীদের ট্রায়ালে অংশগ্রহণ করার জন্য রেফার করে এবং ট্রায়ালের তদন্তকারী হিসাবেও কাজ করে, ট্রায়ালের অংশগ্রহণকারীদের এক অবিরত উৎস নিশ্চিত করে এবং রোগীদের নিয়োগের চ্যালেঞ্জ অতিক্রম করে,
- চিকিৎসার কৌশল যা মস্তিষ্ক মেরামতের জন্য ওষুধ ব্যবহার করে রোবোটিক প্রযুক্তির সাথে একত্রে, যা স্নায়ুতন্ত্রকে "পুনরায় শেখায়" এবং থেরাপিউটিক বেনিফিটের আরো নিখুঁত পরিমাপ দেয়, এবং
- সমস্ত ট্রায়ালের ভিত্তি হিসাবে একটি মানসম্মত, কঠোর অধ্যয়নের প্রোটোকল ব্যবহার করে, যাতে প্রোটোকলগুলি প্রতিটি ট্রায়ালের জন্য নতুন করে প্রস্তুত করতে না হয়, এবং যাতে আরো দক্ষ পরীক্ষার পরিবেশ তৈরি হয়।

এই ট্রায়ালটি নিউরোকিওরসএনওয়াইকে স্ব-সম্পূরকতার দিকে তার পথ পরিমার্জন করতে সক্ষম করবে, তার চিকৎসকদের নেটওয়ার্ক প্রসারিত করবে এবং নিউরোলজিক ক্লিনিকাল ডেভেলপমেন্টের জন্য একটি স্থিতিস্থাপক সত্তা হিসাবে তার অবস্থানকে দৃঢ় করতে সক্ষম করবে। এই সাফল্যের সাথে, নিউরোকিওরসএনওয়াই এমন দীর্ঘমেয়াদী অর্থনৈতিক উন্নয়নের সুবিধাসমূহের সম্ভাবনা প্রদান করবে যেমন:

- ক্লিনিকাল ট্রায়াল চালানোর জন্য এবং নিউ ইয়র্ক স্টেটে রাজস্ব তৈরি করার জন্য বাণিজ্যিক সংস্থাগুলিকে আকর্ষণ করা
- ট্রায়াল ম্যানেজমেন্ট, পণ্য উন্নয়ন, পুনর্বাসন এবং তথ্য বিশ্লেষণের ক্ষেত্রগুলিতে কাজ তৈরি করা
- বৃহত্তর একক এবং ভেঞ্চার বিনিয়োগকে উৎসাহিত করে
- নতুন বৌদ্ধিক সম্পত্তি এবং এটি সম্পর্কিত সংস্থা তৈরি করে
- নিউরোলজিকাল ট্রায়ালগুলিতে অংশগ্রহণের জন্য নিউ ইয়র্কের চিকিৎসা সংক্রান্ত পর্যটকদের আকর্ষণ করে
- নিউ ইয়র্কের প্রথম সারীর নিউরোলজিক্যাল চিকিৎসার সুবিধাগুলি প্রদর্শন করে

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (Empire State Development) প্রেসিডেন্ট, চিফ একজেকিউটিভ অফিসার এবং কমিশনার হাওয়ার্ড জেমস্কি বলেন, "নিউ ইয়র্ক স্টেট নিউরোকিওরএনওয়াই এর মত অভিনব প্রচেষ্টাগুলিকে সমর্থন করার জন্য অঙ্গীকারবদ্ধ, যা আমাদের প্রাণবন্ত জীবন বিজ্ঞান শিল্পকে আরও উন্নত করে এবং জীবনযাত্রার উন্নয়নের জন্য চিকিত্সাগুলিকে উন্নত করতে সক্ষম করে।"

"লক্ষ লক্ষ আমেরিকানরা এবং তাদের পরিবারগুলি দৈনিক ভিত্তিতে স্ট্রোক, আল্জেইমার রোগ এবং মেরুদন্ডের আঘাতের মত স্নায়বিক রোগের কারণে অক্ষমতার চ্যালেঞ্জগুলির মকাবিলা করে," **ডঃ রাজিব রতন, বার্ক নিউরোলজিক্যাল ইনস্টিটিউটের (Burke Neurological Institute) পরিচালক, ওয়েল কর্নেল মেডিসিনের (Weill Cornell Medicine) অধিভুক্ত, এবং নিউরোকিওরএনওয়াই, ইনকর্পোরেটেডের অন্তর্বর্তী পরিচালক বলেছেন,** "এই স্নায়বিক অবস্থার মানুষগুলি যে প্রতিবন্ধকতার সম্মুখীন হন উল্লেখযোগ্যভাবে তার মোকাবিলা করার জন্য চিকিৎসার বিকল্পগুলির ক্ষেত্রে দীর্ঘস্থায়ী অভাবের কারণে একটি নতুন, যুগান্তকারী পদ্ধতির প্রয়োজনীয়তাকে তুলে ধরে। এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট কর্পোরেশন এবং গভর্নর অফিসের সাংগঠনিক ও আর্থিক সহায়তার সাথে, বার্ক নিউরোলজিক্যাল ইনস্টিটিউট, রচেস্টার বিশ্ববিদ্যালয়ের নিউরোরেস্টোরেশন ইনস্টিটিউট (Neurorestoration Institute at the University of Rochester) (ব্র্যাড বার্ক এমডি, পিএইচডির নেতৃত্বে); এবং নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ হেলথের (New York State Department of Health, NYSDOH) ওয়ার্ডসওয়ার্থ ল্যাবরেটরিজের (Wadsworth Laboratories) সেন্টার ফর অ্যাডাপ্টিভ নিউরোটেকোলজি (Center for Adaptive Neurotechnology) (জন ওয়ালপাউ এমডির নেতৃত্বে); এদের মধ্যে একটি অভূতপূর্ব সহযোগিতা শুধু নিউ ইয়র্কেই নয়, জাতীয় ও বিশ্বব্যাপী পরিবর্তন আনার সম্ভাবনা সহ একটি অনন্য, উদ্ভাবনী ক্লিনিকাল ট্রায়াল মডেল তৈরি করেছে।"

অক্ষমতার চিকিত্সার প্রয়োজনীয়তা সত্ত্বেও ক্লিনিকাল ট্রায়ালের চ্যালেঞ্জগুলি এবং পরিচালনার বেশি খরচের কারণে নিউরোলজিক্যাল অক্ষমতা এবং অক্ষমতা সংক্রান্ত গবেষণা প্রায়ই উপেক্ষিত হয়। NCNY বিশেষ করে এই চ্যালেঞ্জগুলি অতিক্রম করার জন্য তৈরি হয়েছিল। নিউরোলজিকাল অবস্থা যেমন ট্রমাযুক্ত মস্তিষ্ক এবং মেরুদণ্ডের আঘাত এবং স্ট্রোক মার্কিন যুক্তরাষ্ট্রে প্রতি বছর প্রায় 1 মিলিয়ন ব্যক্তিকে স্থায়ীভাবে অক্ষম করে, যার মোকাবিলা করতে বছরে প্রায় ৩৪৭ বিলিয়ন মার্কিন ডলার খরচ হয়। নিউরোলজিকাল অক্ষমতার চিকিত্সা বা নিরাময়ের চিকিত্সাগত উন্নয়ন প্রতিবন্ধকতা সম্পন্ন এবং ব্যয়বহুল ছিল। নিউরোলজিকাল ব্যাধির কার্যকর চিকিত্সার অভাবের ফলে দীর্ঘস্থায়ী অক্ষমতা এবং বিকলতা উল্লেখযোগ্য ব্যক্তিগত এবং আর্থিক অনটন সৃষ্টি করতে পারে। ক্লিনিকাল ট্রায়ালের সময়কাল এবং নিউরোলজিকাল ওষুধের উন্নয়নের খরচ হ্রাসের সম্ভাবনা ইতিমধ্যেই ক্লিনিকাল মূল্যায়নের জন্য প্রস্তুত পণ্য সহ সংস্থাগুলির মধ্যে আগ্রহ তৈরি করেছে।

নিউ ইয়র্ক স্টেটের 620 মিলিয়ন মার্কিন ডলারের জীবন-বিজ্ঞান সংশ্লিষ্ট উদ্যোগ

2018 অর্থ বছরের বাজেটে নিউ ইয়র্ক স্টেটের নিউ ইয়র্কে একটি বিশ্বমানের জীবন-বিজ্ঞান গবেষণা ক্লাস্টার গড়ে তোলার এবং এই গবেষণার বাণিজ্যিকীকরণ ও অর্থনীতির বিকাশের জন্য 620 মিলিয়ন মার্কিন ডলারের উদ্যোগ গ্রহণ করেছে।

এই বহুমুখী উদ্যোগে লাইফ সায়েন্স শিল্প জুড়ে এক্সেলসিয়র জবস প্রোগ্রাম ট্যাক্স ক্রেডিট (Excelsior Jobs Program Tax Credit) প্রসারণের জন্য 100 মিলিয়ন মার্কিন ডলার, লাইফ সায়েন্সেস রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট রিফান্ডেবল ট্যাক্স ক্রেডিট প্রোগ্রামের (life sciences research and development refundable tax credit program) জন্য 100 মিলিয়ন মার্কিন ডলার, এবং বিনিয়োগের অন্যান্য রূপে 320 মিলিয়ন মার্কিন ডলার অন্তর্ভুক্ত। এতে ওয়েট-ল্যাব এবং উদ্ভাবনী স্থানের উন্নয়নের জন্য ক্যাপিটাল অনুদান এবং প্রাথমিক পর্যায়ের জীবন বিজ্ঞান সংস্থাগুলির জন্য পরিচালনায় সহায়তা করার উদ্দেশ্যে বেসরকারি খাতে অন্তত 100 মিলিয়ন মার্কিন ডলারের অতিরিক্ত বিনিয়োগের মূলধন রয়েছে।

জীবন-বিজ্ঞান খাত জৈব-প্রযুক্তি, ফার্মাসিউটিক্যাল, বায়োমেডিক্যাল প্রযুক্তি, জীবন রক্ষার প্রযুক্তিকে অন্তর্ভূক্ত করে এবং সেসব সংস্থা ও প্রতিষ্ঠানকে অন্তর্ভুক্ত করে যেগুলো গবেষণা, উন্নয়ন, প্রযুক্তি স্থানান্তর ও বাণিজ্যিককরণের বিভিন্ন পর্যায়ে তাদের বেশির ভাগ প্রচেষ্টা নিয়োজিত করে। প্রতিদিন এই খাতের কোম্পানিসমূহ নতুন চিকিৎসা এবং ওষুধ আবিষ্কার করছে যাতে অটিজম এবং ক্যান্সারের মতো রোগের নতুন চিকিৎসা বা প্রাথমিক পর্যায়ে রোগ নির্ণয়ের মাধ্যমে জীবন বাঁচানোর সম্ভাবনা রয়েছে। এসব কোম্পানি কৃষি এবং পরিবেশগত জৈব প্রযুক্তির ক্ষেত্রেও উল্লেখযোগ্য অগ্রগতি সাধন করছে যা অধিক পরিবেশ বান্ধব ও টেকসই ভবিষ্যত নির্মাণে সহায়তা করছে।

প্রণোদনা বাড়িয়ে, স্থাপনায় বিনিয়োগ করে এবং প্রতিভা ও দক্ষতা নাগালে পাওয়ার ক্ষেত্রে উন্নয়ন ঘটিয়ে শিল্প-তহবিলের গবেষণা ও উন্নয়নে নিউ ইয়র্ক নিজ হিস্যা উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি করবে, বিদ্যমান একাডেমিক গবেষণার বাণিজ্যিকীকরণকে সহায়তা করবে এবং উন্নত প্রযুক্তির পরবর্তী প্রজন্মের বিকাশের লক্ষ্যে কাজ করবে। বিজ্ঞানের ক্ষেত্রে অগ্রগতির বাইরে এই উদ্যোগ নিউ ইয়র্ককে উঠতি উৎপাদন ভিত্তিক উদ্যোগের জন্য আকর্ষণীয় স্থানে পরিণত করে আঞ্চলিক অর্থনীতির বিকাশ ঘটাবে এবং হাজার হাজার কর্মসংস্থান সৃষ্টি করবে।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন